**নাম: মো: আমির হোসেন**

**জন্ম তারিখ: ২০ মার্চ, ১৯৯৪**

**শহীদ হওয়ার তারিখ: ১৯ জুলাই, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : রিকশাচালক

শাহাদাতের স্থান : বাড্ডা রামপুরা

## শহীদের জীবনী

শহীদ মো: আমির হোসেন পেশায় ছিলেন একজন রিকশাচালক।তিনি ১৯৯৪ সালের ২০ মার্চ বরগুনা জেলার মৌপচরা গ্রামে জন্মগ্রহণ করেন।স্ত্রী সন্তান নিয়ে ঢাকার রামপুরায় উলন এলাকায় থাকতেন তিনি।

যেভাবে শহীদ হন

১৯ জুলাই ২০২৪, শুক্রবার জুমার নামাজের পর রিকশা নিয়ে বের হন আমির হোসেন।স্বৈরাচারী সরকারের লালিত পুলিশ ও যুবলীগের সন্ত্রাসী বাহিনীর তাণ্ডবের কারণে আগের দুই দিন তিনি রিকশা নিয়ে বের হতে পারেন নি।ঘরে খাবার নেই।সন্তানেরা না খেয়ে।বাধ্য হয়েই রাস্তায় আসতে হয় তার।দুপুর আনুমানিক আড়াইটার দিকে রামপুরা বিটিভি ভবনের সামনে পুলিশের গুলির মুখে পড়েন।একটি গুলি তাকে বিদ্ধ করে।ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন আমির হোসেন।পরদিন সকাল ৯ টায় বরগুনায় তার নিজ গ্রামে জানাজা শেষে স্থানীয় কবরস্থানে তাকে দাফন করা হয়।

পারিবারিক অবস্থা

তিন শিশু সন্তানের জনক আমির হোসেন পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি।রিকশা চালিয়ে দৈনিক গড়ে ৫০০ টাকা রোজগার করতেন।রেখে গিয়েছেন ৮০ হাজার টাকার ঋণ।

সহযোগিতার প্রস্তাবনা

বাসস্থান, এককালীন সহযোগিতা ও সন্তানদের লেখাপড়া কেন্দ্রিক সহযোগিতা প্রয়োজন।

শহীদের ব্যক্তিগত তথ্যাবলী

শহীদের পূর্ণনাম : মো: আমির হোসেন

জন্ম : ২০ মার্চ ১৯৯৪, বরগুনা

পেশা : রিকশাচালক

পিতা : আলতাফ হোসেন (মৃত)

মাতা : খতেজান, গৃহিণী

স্ত্রী : আননী (২৮), গৃহিণী

স্থায়ী ঠিকানা : বরগুনা জেলার ছোটবগী ইউনিয়নের মৌপচরা গ্রাম

বর্তমান ঠিকানা : বাসা নং ৫৩, গলি নং ৬০, উলন, রামপুরা, ঢাকা

পরিবারের অন্যান্য সদস্য : ২ ছেলে, ১ মেয়ে

বড় ছেলে : আমিনুল ইসলাম আরমান (৭), ছাত্র